



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং -ক/অ/

তারিখ :

বিষয় : অপসারণকৃত প্রভাষক জনাব শারমিন সুলতানাকে স্ব-পদে যোগদান পূর্বক সমুদয় বকেয়া বেতন ভাতাদি প্রদান সংক্রান্ত।

সূত্র : এ বোর্ডের গত ২০-১২-২০১৭ খ্রি. তারিখের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৬৫ তম সভার ০৯ নং সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলাধীন “বর্ডার গার্ড পাবলিক স্কুল এন্ড কলেজ” এর পৌরনীতি ও সুশাসন বিষয়ের প্রভাষক জনাব শারমিন সুলতানাকে গত ২৬-০৯-২০১৭ খ্রি. তারিখে কলেজ কর্তৃপক্ষ যশোর শিক্ষা বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির পূর্বানুমতি ব্যতিরেকে চাকুরী হতে অপসারণ করেছে। বে-সরকারি শিক্ষকদের চাকুরী বিধিমালা অনুসারে বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটিতে পরীক্ষিত এবং বোর্ড কর্তৃক অনুমোদিত না হওয়া পর্যন্ত কোন শিক্ষককে চাকুরী থেকে চূড়ান্তভাবে বরখাস্ত/অব্যাহতি/অপসারণ প্রদানের ক্ষমতা কলেজ কর্তৃপক্ষের নেই। গভার্ণিং বডি আপনার কলেজের প্রভাষক জনাব শারমিন সুলতানাকে ২৬-০৯-২০১৭ খ্রি. তারিখে চূড়ান্তভাবে অপসারণ করেছে যা আইনের সু-স্পষ্ট লঙ্ঘন। প্রভাষক জনাব শারমিন সুলতানা এর আবেদনের প্রেক্ষিতে গত ২০-১২-২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত এ বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটিতে বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। সেখানে আপনার প্রতিনিধি উপস্থিত থেকে গভার্ণিং বডির বক্তব্য পেশ করেন। এ বোর্ডের গত ২০-১২-২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৬৫ তম সভার সদস্যগণের সম্মুখে উভয় পক্ষের উপস্থিতিতে বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা/বক্তব্য উপস্থাপন করা হয়।

কমিটির সদস্যগণ ধৈর্য সহকারে উক্ত বক্তব্য শোনেন। যাবতীয় রেকর্ডপত্র পর্যালোচনা করা হয়। সুনামী শেষে কমিটির সদস্যগণ সর্বসম্মতভাবে প্রভাষক জনাব শারমিন সুলতানাকে অপসারণ করার জন্য কলেজ কর্তৃপক্ষের প্রস্তাবটি অনুমোদন করেনি, বরং ন্যায় বিচারের স্বার্থে অপসারণকৃত প্রভাষক জনাব শারমিন সুলতানাকে ১০(দশ) কর্মদিবসের মধ্যে স্ব-পদে যোগদান করিয়ে তার প্রাপ্য সমুদয় বকেয়া বেতন ভাতা ও অন্যান্য আর্থিক সুবিধাদি প্রদানের জন্য কলেজের গভার্ণিং বডিকে নির্দেশ প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করে। (আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির সিদ্ধান্তের অনুলিপি সংযুক্ত)। গত ২০-১২-২০১৭ খ্রি. তারিখের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৬৫ তম সভার ০৯ নং আলোচ্য সূচীর সিদ্ধান্তটি গত ২৭-১২-২০১৭ খ্রি. তারিখের বোর্ড কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে।

এমতাবস্থায়, বর্ডার গার্ড পাবলিক স্কুল এন্ড কলেজ এর পৌরনীতি ও সুশাসন বিষয়ের অপসারণকৃত প্রভাষক জনাব শারমিন সুলতানাকে পত্র প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে স্ব-পদে যোগদান করিয়ে তার প্রাপ্য বকেয়া বেতন-ভাতা ও অন্যান্য আর্থিক সুবিধাদি প্রদান করার জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে এই পত্র জারি করা হল।

(স্বা:-)

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

ও

সদস্য সচিব

আপিল এন্ড আর্বিট্রেশন কমিটি (কলেজ পর্যায়)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৩৮

সভাপতি

গভার্ণিং বডি

বর্ডার গার্ড পাবলিক স্কুল এন্ড কলেজ

মিরপুর, কুষ্টিয়া।

স্মারক নং -ক/অ/

২১/০২/১৭

তারিখ :

০৭/০২/২০১৮

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলঃ

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ৪। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া।
- ৫। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), বর্ডার গার্ড পাবলিক স্কুল এন্ড কলেজ, মিরপুর, কুষ্টিয়া।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (বোর্ডের ওয়েব সাইটে প্রচারের জন্য)।
- ৭। জনাব শারমিন সুলতান, প্রভাষক (পৌরনীতি ও সুশাসন), বর্ডার গার্ড পাবলিক স্কুল এন্ড কলেজ, মিরপুর, কুষ্টিয়া।
- ৮। ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, মিরপুর শাখা, কুষ্টিয়া।
- ৯। সংরক্ষিত নথি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

০৭/০২/১৮